দৈনিক সংবাদ

JUN 16 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...৬...

### মা বোন ভাইয়ের দাবি

# আটক সকল ছাত্রলীগ নেতাকে মুক্তি দাও

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** সারাদেশে গ্রেফতারকৃত ছাত্রলীগ নেতা-কর্মীদের মুক্তির দাবিতে গ্রেফতারকৃত কয়েকজন কেন্দ্রীয় নেতার পরিবারের লোকজন শুক্রবার সংবাদ সম্মেলনের আয়োজন করেন। বিকেল ৪টায় ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে অনুষ্ঠিত এ সংবাদ সম্মেলনে গ্রেফতারকৃত নেতাদের পরিবারের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন গ্রেফতারকৃত ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি লিয়াকত শিকদারের মা বেগম সুফিয়া শিকদার।

লিখিত বক্তব্যে তিনি জানান, ২৫শে ফেব্রুয়ারি আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনার বাসভবনের সামনে থেকে ( অভিযোগ ছাড়াই ডিবি পুলিশ কয়েকজন ছাত্রলীগ নেতাকে গ্রেফ করে। গ্রেফতারের আগে তাদের ন থানায় কোন জিডিও ছিল না। সর ইতোমধ্যে তাদের কয়েকজনকে ৪টি হি হত্যা মামলায় জড়িয়ে দিয়েছে।

বেগম সুফিয়া শিকদার আটক ছাত্র নেতা-কর্মীদের নিরপরাধ বলে উল্লেখ তাদের মুক্তির দাবি করেন। গ্রেফতার নেতাদের পরিবারের পক্ষ থেকে সং সম্মেলনে অন্যদের মধ্যে বক্তব্য রা ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্প নজরুল ইসলাম বাবুর ছোট দেলোয়ারা বেগম এবং ছাত্রলীগের কে সহ-সভাপতি রফিকুল ইস কোতোয়ালের ছোট ভাই হাশেমুল ইস কোতোয়াল।